


স্থানীয় সেবাদানকারীদের ১-দিনের প্রশিক্ষণঃ এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্প

ফ্লিপ চার্ট


প্রশিক্ষণ পরিচিতি



সিসা - যান্ত্রিকীকরণ ও সেচ প্রকল্প
সিমিট বাংলাদেশ

এই প্রশিক্ষণ থেকে আপনি কি শিখবেন বলে আশা করছেন?

- প্রথমে প্রশিক্ষণার্থীদের ৫ জনের ছোট ছোট দলে বিভক্ত করুন
- প্রত্যেক দল তাদের দলনেতা নির্বাচন করবে



- প্রত্যেক দল নিজেদের মধ্যে আলোচনা করে নির্ধারণ করবেন তারা কি শিখতে চান
- প্রত্যেক দলের দলনেতা বলবেন তারা কি শিখতে চান
- সমন্বয়ক বা ফ্যাসিলিটেটর বিষয়গুলো ফিলিপ চার্ট পেপারে লিপিবদ্ধ করবেন

এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্পের উপর আয়োজিত
আজকের প্রশিক্ষণের আলোচ্য বিষয়

সেশন -১ঃ এক্সিয়েল ফ্লো পাম্পের বৈশিষ্ট্য

সেশন -২ঃ পাম্পের বিভিন্ন অংশের পরিচিতি



সেশন -৩ঃ স্থান নির্বাচন, পাম্প স্থাপন ও নিরাপদ ব্যবহার

সেশন -৪ঃ রক্ষণাবেক্ষন ও সমস্যা মোকাবিলা

সেশন -৫ঃ এক্সিয়েল ফ্লো পাম্প সেবা ব্যবসা এবং
আয়-ব্যয় বিশ্লেষণ

প্রশিক্ষণটি কি ধরনের হবে?

- প্রশিক্ষণটি হবে অংশগ্রহণমূলক
- প্রশিক্ষণার্থীদের কথা বলা ও প্রশ্ন করার জন্য উৎসাহিত করা হবে
- প্রশিক্ষণার্থীরা অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে শিখবেন - অর্থাৎ এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্প কিভাবে চালাতে হবে তা শিখবেন এবং নিজে মেশিন চালিয়ে অভিজ্ঞতা অর্জন করবেন
- দলের সদস্যরা নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে শিখবেন
- ফ্যাসিলিটেটর কোন প্রশ্ন করলে প্রশিক্ষণার্থীরা তার উত্তর দেবেন এবং এভাবে আমরা এক অন্যের কাছ থেকে শিখতে পারব।



প্রশিক্ষণ থেকে আপনারা কতটুকু শিখছেন তা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হবে

- প্রত্যেক প্রশিক্ষণার্থীর অগ্রগতি মূল্যায়ন করা হবে
- প্রশিক্ষণ সমন্বয়ক নিচে বর্ণিত বিষয়গুলো বিবেচনা করে ১০০ নম্বরের ভিত্তিতে প্রত্যেক প্রশিক্ষণার্থীর মূল্যায়ন করবেন।

বিষয়	নম্বর
প্রশিক্ষণ ক্লাসে উপস্থিতি	৫
মোবাইল ফোন বন্ধ রাখা	৫
প্রশিক্ষণ চলাকালীন সময়ে মনযোগ	২০
হাতে-কলমে শেখা ও আলোচনায় অংশগ্রহণ	২০
জিজ্ঞাসিত প্রশ্নের ভাল উত্তর প্রদান এবং প্রদত্ত কাজ সম্পাদনে বুদ্ধিমত্তা প্রদর্শন	২০
অন্যান্য প্রশিক্ষণার্থীদের সাথে সুসম্পর্ক রাখা ও সহায়তা করা	১০
প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ন	১০
প্রশিক্ষণোত্তর মূল্যায়ন	১০
মোট	১০০

সবচেয়ে ভাল অগ্রগতি অর্জনকারী প্রশিক্ষণার্থীদের পুরস্কৃত করা হবে!

ফ্যাসিলিটেটরগণ কতটা ভাল প্রশিক্ষণ দিচ্ছেন প্রশিক্ষণার্থীদের মাধ্যমে সেটা মূল্যায়ন করা হবে

- একটা সেশন শেষ হওয়ার পর প্রত্যেক প্রশিক্ষণার্থী দল নিচে বর্ণিত বিষয়গুলো বিবেচনা করে ১০০ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ফ্যাসিলিটেটর-এর মূল্যায়ন করবেন।

বিষয়	নম্বর
প্রশিক্ষণ ক্লাসে উপস্থিতি	১০
উপস্থাপন, বাচনভঙ্গি, শারীরিক ভঙ্গিমা	২০
অংশগ্রহণমূলক ও ব্যবহারিক পদ্ধতির ব্যবহার	২০
প্রশিক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান এবং প্রশিক্ষণার্থীদের সাথে জ্ঞান বিনিময়	২০
প্রশিক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে তথ্য প্রদানের ক্ষমতা	২০
ক্লাস তাদের কাছে কতটা উপভোগ্য মনে হয়েছে	১০
মোট	১০০